



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পিরোজ-১১৩/২০২২

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয় : রিট পিটিশন নং ১২২৪৯/২০১৯ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগের গত ০৫.১১.২০১৯ ইং তারিখের আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে
সূত্র : বামাশিবো/প্রশা/পিরোজ-১১৩/১০৮৫৯; তারিখ: ২৬/১২/২০১৯ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন জামেআয়ে উম্মুল কোরআন ঈদগাহ দাখিল মাদ্রাসার ক্বারী শিক্ষক (চূড়ান্ত বরখাস্ত) জনাব মোঃ সামছুল হক বেপারী তার চূড়ান্ত বরখাস্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১২২৪৯/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশন এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ জনাব মোঃ সামছুল হক বেপারীর দরখাস্ত নিষ্পত্তির জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-কে নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশ মোতাবেক জনাব মোঃ সামছুল হক বেপারীর দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে উক্ত দরখাস্তে বর্ণিত বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে সূত্রান্ত স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের আলোকে দাখিলকৃত সমর্থনীয় কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় বিষয়টি দ্বন্দ্বিক ও জটিল প্রকৃতির। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে ২৭.০২.২০২০ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য সভাপতি জনাব খন্দকার মোঃ আবুল কাসেম, সুপার জনাব মোঃ এছাহাক আলী ও ক্বারী শিক্ষক (চূড়ান্ত বরখাস্ত) জনাব মোঃ সামছুল হক বেপারী-কে বলা হয়। তার প্রেক্ষিতে সুপার মোঃ এছাহাক আলী ও ক্বারী শিক্ষক (চূড়ান্ত বরখাস্ত) জনাব মোঃ সামছুল হক বেপারী উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, দাখিল ক্বারী শিক্ষক জনাব মোঃ সামছুল হক বেপারীর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি-১৪(২) অনুসরণ করা হয়নি বিধায় চূড়ান্ত বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।


অতএব বর্ণিত বিধি মোতাবেক বরখাস্তকরণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় দাখিল ক্বারী শিক্ষক জনাব মোঃ সামছুল হক বেপারীর চূড়ান্ত বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক স্বপক্ষে পুনর্বহাল করে পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও সুপারকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬.০৯.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- ১। সভাপতি, ম্যানেজিং কমিটি,
জামেআয়ে উম্মুল কোরআন ঈদগাহ দাখিল মাদ্রাসা, ভান্ডারিয়া, পিরোজপুর;
২। সুপার, জামেআয়ে উম্মুল কোরআন ঈদগাহ দাখিল মাদ্রাসা, ভান্ডারিয়া, পিরোজপুর;
৩। জনাব মোঃ সামছুল হক বেপারী, দাখিল ক্বারী শিক্ষক,
জামেআয়ে উম্মুল কোরআন ঈদগাহ দাখিল মাদ্রাসা, ভান্ডারিয়া, পিরোজপুর।



২৬.০৯.২০২০

নং-বামাশিবো/প্রশা/পিরোজ-১১৩/ ২০২২


তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা;
৩. জেলা প্রশাসক, পিরোজপুর;
৪. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর;
৫. উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর;
৭. ম্যানেজার, সোনালী/অগ্রণী/রূপালী/জনতা ব্যাংক, ভান্ডারিয়া, পিরোজপুর;
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পিও টু চেয়ারম্যান, পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।


২৮/৯/২০২০

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪


২৬.০৯.২০২০